# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৮ সালের ৩য় বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৮ মার্চ, ২০১৮ |
| সময় | ঃ | সকাল ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

**আলোচ্যবিষয়-১ঃ** ২৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**আলোচনা ঃ** গত ২৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ২০১৮ সালের ২য় বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর প্রস্তাবের প্রেক্ষিতে এবং সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাহামুদুর হাসান, এএফডব্লিউসি, পিএসসি, অধিনায়ক, বিমান বাহিনী ঘাঁটি বাশার এর সমর্থনে সর্বসম্মতিক্রমে গত মাসের সভার (২০১৮ সালের ২য় বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যবিষয়-২ঃ** ফেব্রুয়ারি, ২০১৮ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনা ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ফেব্রুয়ারি, ২০১৮ মাসে বিভিন্ন খাতে ১,৮৬,৪৪,৯১৫/- (এক কোটি ছিয়াশি লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত পঁনের) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৫,৪৫,৭০,০০০/- (পঁনের কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকার বিপরীতে ফেব্রুয়ারি, ২০১৮ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ১৭,৭৪,২৫,৩২৫/- (সতের কোটি চুয়াত্তর লক্ষ পঁচিশ হাজার তিনশত পঁচিশ) টাকা, যা মোট দাবীর ১১৪.৭৮%।

**সিদ্ধান্ত ঃ** রাজস্ব আদায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নসহ ভবিষ্যতে বকেয়া কর আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং বোর্ডের আয়ের নতুন নতুন খাত চিহ্নিত করতে হবে।

**আলোচ্যবিষয়-৩ঃ** ফেব্রুয়ারি, ২০১৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনা ঃ** ফেব্রুয়ারি, ২০১৮ মাসে স্থানীয় আয়ের উৎস হতে মোট ২,৮৯,৩৩,২২৯/- (দুই কোটি উননব্বই লক্ষ তেত্রিশ হাজার দুইশত উনত্রিশ) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ ফেব্রুয়ারি, ২০১৮ মাসে সর্বমোট আয় ৭,৩০,৮১,২৫০/- (সাত কোটি ত্রিশ লক্ষ একাশি হাজার দুইশত পঞ্চাশ) টাকা। অপরদিকে ফেব্রুয়ারি, ২০১৮ মাসে সর্বমোট ব্যয় ৫,৫৯,৯৭,৯০১/- (পাঁচ কোটি উনষাট লক্ষ সাতানব্বই হাজার নয়শত এক) টাকা, সমাপনী জের ১,৭০,৮৩,৩৪৯/- (এক কোটি সত্তর লক্ষ তিরাশি হাজার তিনশত উনপঞ্চাশ) টাকা।

**সিদ্ধান্ত ঃ** ফেব্রুয়ারি, ২০১৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো এবং পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। প্রতিটি ডিওএইচএস এর বিপরীতে মাস/বৎসর ভিত্তিক আয় ও ব্যয়ের হিসাব আগামী সভা হতে নিয়মিত উপস্থাপন করতে হবে।

**আলোচ্যবিষয়-৪ঃ** ফেব্রুয়ারি, ২০১৮ মাসের জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রতিবেদন অবলোকন।

**আলোচনা ঃ** ফেব্রুয়ারি, ২০১৮ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ১৯৫টি জন্ম নিবন্ধন ও ১২টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে। উক্ত সময়ে বনানী কবরস্থানে ১৮ জনকে দাফন করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** ঢাকা সেনানিবাসের আওতাধীন এলাকার বাসিন্দাদের বিধি মোতাবেক জন্ম ও মৃত্যু নিবন্ধন করতে হবে। বিশেষ করে জন্ম ও মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর অনুমতি ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-৮০, ফ্ল্যাট নং-৮ (৪র্থ তলা পশ্চিম), রোড নং-১১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এনামুল করিম, বাড়ী নং-৮০, রোড নং-১১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-০৫/০২/২০১৮। | লেঃ কর্ণেল মোঃ বনী ইয়ামীন, পিতা-মরহুম মোয়াজ্জেম হোসেন জোয়াদ্দার, স্বপ্নচূড়া, ব্লক-এ, এ্যাপার্টমেন্ট নং-৪১২, নির্ঝর আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস। | ১২/০৫/২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০১.১২.০ ৩.১৮-৪১৪৮ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৭০০ বঃফুঃ (নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | প্লট নং-২০ ফ্ল্যাট নং-বি/৩ ৪র্থ তলা, (পূর্ব ব্লকের পশ্চিম পার্শ্ব) রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস মেহেরুননেছা বেগম, স্বামী- প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ, বাড়ী নং-২০, রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-০৪/০২/২০১৮। | (১) মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ), পিতা-মরহুম দাউদ আলী মল্লিক ও (২) সায়কা সুলতানা সিমী, স্বামী-মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ), বাড়ী নং-৩৭, ফ্ল্যাট নং-সি/৩, রোড নং-১১, গ্যারিশন, ঢাকা ক্যান্টনমেন্ট, | ১৪/০৩/২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০১.০৫০৩ .১৮-৪২৪৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৭০০ বঃফুঃ (বেজমেন্টে ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৩. | প্লট নং-২০ ফ্ল্যাট নং-এ/৩ (৪র্থ তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং), রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস মেহেরুননেছা বেগম, স্বামী- প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ, বাড়ী নং-২০, রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১৫/০৬/২০১৬। | (১) লেঃ কর্ণেল ডাঃ মোঃ কবির আহমেদ খান, পিতা- মৃত আবদাল খান (২) ডাঃ মেজর (অবঃ) শিরীন আক্তার, স্বামী-লেঃ কর্ণেল ডাঃ মোঃ কবির আহমেদ খান, ভিশন মেহরাব গার্ডেন, বাড়ী নং-২০, ফ্ল্যাট নং-এ/৩,(৪র্থ তলা পূর্ব পার্শ্বের বিল্ডিং), রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০১/০৬/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০১.০১.০ ৬.১৭-১০০৫৮৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৭০০ বঃফুঃ (নিচ তলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৪. | প্লট নং-৩০/ই ফ্ল্যাট নং-সি/৪ (৫ম তলা) রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রোখাইয়া ওরফে রোকাইয়া ফতেহ আলী, স্বামী-মরহুম ফতেহ আলী, বাড়ী নং-৩০/ই, রোড নং-৫(নাজির রোড) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ তারিখ-২৩/১১/২০১৭ | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোঃ আব্দুল মান্নান,পিতা-মোহাম্মদ হোসেন মোল্লা, স্থায়ী ঠিকানা-গ্রাম-ডুমরিয়া, পোঃ-অমৃতনগর, থানা- কালিয়া, জেলা-নড়াইল | ২৫/২/২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১২১.০১.২৫.০ ২.১৮-১০০৫১০ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৫৮৪ বঃফুঃ (বেজমেন্টে ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

আলোচনা ঃ

১. ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৫০০ বর্গফুট বা ৬.২৫ কাঠা জমি বিশিষ্ঠ ৮০ নং প্লটে নির্মিত ০৪(চার) তলা বাড়ীর ৪র্থ তলার পশ্চিম পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ০৮ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ এর মালিক জনাব মোঃ এনামুল করিম, পিতা-মরহুম আলহাজ্ব এম এ রাজ্জাক। তিনি উক্ত ফ্ল্যাটটি লেঃ কর্ণেল মোঃ বনী ইয়ামীন, পিতা-মরহুম মোয়াজ্জেম হোসেন জোয়াদ্দার এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে জন্য ০৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১২ মার্চ ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.১২.০৩.১৮.৪১৪৮ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই এবং অনুমোদিত নকশা বহির্ভুত কোন নির্মাণ নেই।

২. ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫(পঁনের) কাঠা জমি বিশিষ্ট ২০ নং প্লটের পূর্বাংশের ১২.৫০ (সাড়ে বার) কাঠা ভূমির উপর নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৪র্থ তলার পূর্ব ব্লকের পশ্চিম পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন বিশিষ্ট বি/৩ নং ফ্ল্যাট, বেজমেন্টে ০১(এক)টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ (১) মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ), পিতা-মরহুম দাউদ আলী মল্লিক ও (২) সায়কা সুলতানা সিমী, স্বামী-মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতির জন্য ফ্ল্যাটটির মালিক মিসেস মেহেরুন নেছা বেগম, স্বামী- প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ ০৪ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৪ মার্চ ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.০৫.০৩.১৮-৪২৪৭ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখল এবং অননুমোদিত নির্মাণ নেই।

৩. ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫(পঁনের) কাঠা জমি বিশিষ্ঠ ২০ নং প্লটের পূর্বাংশের ১২.৫০ (সাড়ে বার) কাঠা ভূমির উপর নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৪র্থ তলার পূর্ব পার্শ্বের বিল্ডিং ১৭০০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৩ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ (১) লেঃ কর্ণেল ডাঃ মোঃ কবির আহমেদ খান, পিতা- মৃত আবদাল খান (২) ডাঃ মেজর (অবঃ) শিরীন আক্তার, স্বামী-লেঃ কর্ণেল ডাঃ মোঃ কবির আহমেদ খান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতির জন্য ফ্ল্যাটটির মালিক মিসেস মেহেরুন নেছা বেগম, স্বামী- প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ ১৫ জুন, ২০১৬ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০১ জুন ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.০১.০৬.১৭-১০০৫৮৩ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখল এবং অননুমোদিত নির্মাণ নেই।

৪. ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮৮৫ বর্গফুট বা ৯.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৩০/ই নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৫ম তলার ১৫৮৪ বর্গফুট আয়তন বিশিষ্ট সি/৪ নং ফ্ল্যাট, বেজমেন্টে ০১(এক)টি কার পার্কিং (পার্কিং নং-পি-১৫) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ এর মালিক মিসেস রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী, স্বামী-মরহুম ফতেহ আলী। তিনি উক্ত ফ্ল্যাটটি ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোঃ আব্দুল মান্নান, পিতা-মোহাম্মদ হোসেন মোল্লা এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে জন্য ২৩ নভেম্বর ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.২৫.০২.১৮. ১০০৫১০ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখল এবং অননুমোদিত নির্মাণ নেই।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত ফ্ল্যাটগুলো প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রঃ নং | প্লট ও ফ্ল্যাট নম্বর | মালিকের নাম | প্রস্তাবিত ক্রেতার নাম |
|---|---|---|---|
| ১. | প্লট#৮০, ফ্ল্যাট#৮ (৪র্থ তলা পশ্চিম) | জনাব এনামুল করিম | লেঃ কর্ণেল মোঃ বনী ইয়ামীন |
| ২. | প্লট#২০, ফ্ল্যাট#বি/৩ (৪র্থ তলা পূর্ব ব্লকের পশ্চিম পার্শ্ব) | মিসেস মেহেরুননেছা বেগম স্বামী- প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ | (১) মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ) পিতা-মরহুম দাউদ আলী মল্লিক (২) সায়কা সুলতানা সিমী স্বামী-মেজর মল্লিক মনিরুজ্জামান (অবঃ) |
| ৩. | প্লট#২০, ফ্ল্যাট#এ/৩ (৪র্থ তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং) | মিসেস মেহেরুননেছা বেগম স্বামী- প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ | (১) লেঃ কর্ণেল ডাঃ মোঃ কবির আহমেদ খান, পিতা- মৃত আবদাল খান (২) ডাঃ মেজর (অবঃ) শিরীন আক্তার স্বামী-লেঃ কর্ণেল ডাঃ মোঃ কবির আহমেদ খান |
| ৪. | প্লট#৩০/ই ফ্ল্যাট#সি/৪ (৫ম তলা) | মিসেস রোখাইয়া ওরফে রোকাইয়া ফতেহ আলী স্বামী-মরহুম ফতেহ আলী | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোঃ আব্দুল মান্নান, পিতা-মোহাম্মদ হোসেন মোল্লা |

আলোচ্যবিষয়-৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত নমুনা মোতাবেক ১০০০ (এক হাজার) টি ট্রেড লাইসেন্স বই ছাপানোর নিমিত্তে প্রাপ্ত ৬০,৫০০/-(ষাট হাজার পাঁচশত) টাকার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত নমুনা মোতাবেক ১০০০ (এক হাজার) টি ট্রেড লাইসেন্স বই ছাপানোর নিমিত্ত ২০ মার্চ ২০১৮ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মোট ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে বিসমিল্লাহ অফসেট প্রিন্টিং প্রেস, প্রোঃ- জনাব ওমর ফারুক কর্তৃক দাখিলকৃত প্রতিটি বই ৬০.৫০ টাকা হারে ১০০০ (এক হাজার) টি বইয়ের জন্য মোট ৬০,৫০০/-(ষাট হাজার পাঁচশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উল্লেখ্য যে, ২০১৫ সালে প্রতিটি বই ৫৫/-(পঞ্চান্ন) টাকা হারে ১০০০(এক হাজার)টি বই ৫৫,০০০/-(পঞ্চান্ন হাজার) টাকায় ছাপানো হয়েছিল। এমতাবস্থায় বিসমিল্লাহ অফসেট প্রিন্টিং প্রেস কর্তৃক প্রদত্ত প্রতিটি বই ৬০.৫০ টাকা হারে ১০০০(এক হাজার) টি বই ছাপানো নিমিত্তে মোট ৬০,৫০০/-(ষাট হাজার পাঁচশত) টাকার দরটি অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ১০০০ (এক হাজার) টি ট্রেড লাইসেন্স বই ছাপানোর নিমিত্তে বিসমিল্লাহ অফসেট প্রিন্টিং প্রেস, প্রোঃ- জনাব ওমর ফারুক কর্তৃক প্রদত্ত ৬০,৫০০/-(ষাট হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় রাজস্ব শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের কারপার্কিং এর টোল ১৪ জানুয়ারি ২০১৮ হতে ০৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত মোট ২৬(ছাব্বিশ) দিনের জন্য মওকুফের বিষয়ে ইজারা গ্রহীতা জনাব আবু হেনা মোস্তফা কামাল এর ০৮/২/২০১৮ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের কারপার্কিং ইজারার নিমিত্তে দরপত্র আহবান করা হলে জনাব আবু হেনা মোস্তফা কামাল-কে প্রতিদিন ১০,৪১৭/-(দশ হাজার চারশত সতের) টাকা দরে ইজারা প্রদান করা হয়। রজনীগন্ধা সুপার মার্কেটের উন্নয়নমূলক কাজের জন্য ১৪/১/২০১৮ তারিখ হতে ৮/২/২০১৮ তারিখ পর্যন্ত মোট ২৬ দিন উক্ত কারপার্কিং এর টোল আদায়ের কার্যক্রম বন্ধ ছিল মর্মে টোল মওকুফের বিষয়ে ইজারা গ্রহীতা জনাব আবু হেনা মোস্তফা কামাল ০৮/২/২০১৮ তারিখে আবেদন করেন। আবেদনপত্রটির উপর ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার মতামত চাওয়া হলে রজনীগন্ধা সুপার মার্কেটের উন্নয়নমূলক/মেরামত কাজের জন্য ১৪/১/২০১৮ তারিখ হতে ০৮/২/২০১৮ তারিখ পর্যন্ত কাজ হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়েছে। এ প্রসংগে সভায় আলোচনাক্রমে ইজারা মেয়াদের মধ্যে ইজারার শর্তানুযায়ী প্রদেয় অর্থ বিধি মোতাবেক পরিশোধ করতে হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের কারপার্কিং এর টোল মওকুফের কোন অবকাশ নেই বিধায় ইজারা গ্রহীতার আবেদনপত্রটি বিবেচনা না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৮ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৯ম তলার-১৯ ও ২০ নং দোকান (ফুডকোর্ট) ০২(দুই)টির মালিকানা/পজেশন হস্তান্তর অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে-

(ক) মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস ইজারার নিমেত্তে ৩১/৩/২০১৫ তারিখে দরপত্র আহবান করা হলে ৯ম তলার ১৯ নং দোকান (ফুডকোর্ট) এর জন্য জনাব মোঃ জাবেদ আলম, পিতা- মরহুম মোঃ আলমগীর কর্তৃক ২৩,১৯,৫১২/-(তেইশ লক্ষ উনিশ হাজার পাঁচশত বার) টাকার সর্বোচ্চ দর দাখিল করা হয়। উক্ত দরটি বোর্ডসভা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদন হওয়ায় ০৮ কিস্তিতে সালামীর অর্থ পরিশোধ করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ০৯ জুলাই ২০১৫ তারিখের ঢাক্যাবো/ মিরঃডিওএইচএস/অঃকাঃশঃকঃ/৯ম তলা/১৯/০৭ নং পত্রে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সর্বোচ্চ দরদাতা যথানিয়মে ০৪(চার) কিস্তিতে ১১,৫৯,৭৫৬/-(এগার লক্ষ উনষাট হাজার সাতশত ছাপ্পান্ন) টাকা পরিশোধ করেছেন। আর্থিক সমস্যার কারণে অবশিষ্ট ১১,৫৯,৭৫৬/-(এগার লক্ষ উনষাট হাজার সাতশত ছাপ্পান্ন) টাকা পরিশোধ করতে পারছেন না বিধায় উক্ত দোকানটির মালিকানা/পজেশন (১) জনাব রাজি-আল-মুগনি খান, পিতা- আবুল কাশেম খান (২) জনাব মোঃ শাহনেওয়াজ, পিতা- আবুল কাশেম ও (৩) জনাব রাকা শেকোহ আহমেদ, পিতা-মৃত ডাঃ সীপার আহমেদ এর নিকট হস্তান্তরের অনুমতি চেয়ে আবেদন করেছেন। এমতাবস্থায় হস্তান্তর অনুমতি ফি ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং নামজারী ফি ১০,০০০/-(দশ হাজার) পরিশোধ সাপেক্ষে হস্তান্তর/নামজারী অনুমতি দেয়া যেতে পারে।

(খ) মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস ইজারার নিমেত্তে ৩১/৩/২০১৫ তারিখে দরপত্র আহবান করা হলে ৯ম তলার ২০ নং দোকান (ফুডকোর্ট) এর জন্য মিসেস মোমেনা আক্তার, স্বামী- মোঃ জাবেদ আলম কর্তৃক ১৯,৭১,২৩৭/-(উনিশ লক্ষ একাত্তর হাজার দুইশত সাইত্রিশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি বোর্ডসভা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদন ক্রমে ০৮ কিস্তিতে সালামীর অর্থ পরিশোধ করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ০৯ জুলাই ২০১৫ তারিখের ঢাক্যাবো/মিরঃডিওএইচএস/ অঃকাঃশঃকঃ/৯ম তলা/২০/০৭ নং পত্রে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সর্বোচ্চ দরদাতা যথানিয়মে ০৪(চার) কিস্তিতে ৯,৮৫,৬২০/-(নয় লক্ষ পঁচাশি হাজার ছয়শত বিশ) টাকা পরিশোধ করেছেন। আর্থিক সমস্যার কারণে অবশিষ্ট ৯,৮৫,৬১৭/-(নয় লক্ষ পঁচাশি হাজার ছয়শত সতের) টাকা পরিশোধ করতে পারছেন না বিধায় উক্ত দোকানটির মালিকানা/পজেশন মিসেস নূরজাহান হক, পিতা-খন্দকার মজিবুল হক আকন্দ, মাতা-মাজেদা খাতুন এর নিকট হস্তান্তরের অনুমতি চেয়ে আবেদন করেছেন। এমতাবস্থায় হস্তান্তর অনুমতি ফি ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং নামজারী ফি ১০,০০০/-(দশ হাজার) পরিশোধ সাপেক্ষে হস্তান্তর/নামজারী অনুমতি দেয়া যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৯ম তলার (ফুড কোর্ট) ১৯ ও ২০ নং দোকান ইজারার সমুদয় কিস্তির অর্থ পরিশোধ সাপেক্ষে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৯ঃ ঢাকা সেনানিবাসে রিকশা লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে বসবাসকারীদের চলাচলের সুবিধার্থে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রিকশা লাইসেন্স প্রদান করা হয়। চাহিদার প্রেক্ষিতে নিম্নোক্তভাবে মোট ১৫০০ (এক হাজার পাঁচশত) টি রিকশা লাইসেন্স ইস্যু করা হয়েছে ঃ-

৩১ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায়- ১০০০টি।
২৯ নভেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায়- ৩০০টি।
৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায়- ১০০টি।
২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায়- ১০০টি।

এ প্রসংগে আলোচনায় সভায় মত প্রকাশ করা হয় যে, বর্তমানে ঢাকা সেনানিবাসে প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত সংখ্যক রিকশা আছে বিধায় নতুন করে আর রিকশা লাইসেন্স প্রদান করার প্রয়োজন নেই।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে আপাততঃ ঢাকা সেনানিবাসের জন্য নতুন করে রিকশা লাইসেন্স ইস্যু না করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড বাস্তবতার নিরিখে পরবর্তী নির্দেশনা প্রদান করবেন।

আলোচ্যবিষয়-১০ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনে ক্যান্টিন ইজারা মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ২৭ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১০ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ১৪ মার্চ ২০১৩ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৬৭/২৬ নং পত্রের মাধ্যমে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) অফেরতযোগ্য সালামী এবং প্রতি বর্গফুট ২০/-(বিশ) টাকা হারে ৭৯৭ বর্গফুটের জন্য মাসিক ১৫,৯৪০/-(পনের হাজার নয়শত চল্লিশ) টাকা ভাড়ায় ১৮ মার্চ ২০১৩ তারিখ হতে ১৭ মার্চ ২০১৮ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ) বছর মেয়াদে মেজর এম কামরান হামিদ, পিএসসি, প্রোপ্রাইটর-রিকহাম ইন্টারন্যাশনাল-কে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ক্যান্টিন ইজারা প্রদান করা হয়। পরবর্তীতে ০১ মার্চ ২০১৫ তারিখ হতে উক্ত ক্যান্টিনের মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৪০/-টাকা হারে মোট ৩১,৮৮০/-(একত্রিশ হাজার আটশত আশি) টাকা নির্ধারণ করা হয়। উক্ত ক্যান্টিনের ইজারা মেয়াদ ১৭ মার্চ ২০১৮ তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। ক্যান্টিনের মাসিক ভাড়া ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত মোট ৬,৪৫,৫৯৩/-(ছয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশত তিরানব্বই) টাকা বকেয়া রয়েছে। বকেয়া টাকা পরিশোধের জন্য পত্র প্রদান করা হলে তিনি ২৬/১১/২০১৭ তারিখের আবেদনে সমস্যা উল্লেখ করে চলতি মাসের ভাড়া ৩১,৮৮০/-টাকা এবং বকেয়া ভাড়া হতে ২৫,০০০/-টাকা করে পরিশোধ করবেন মর্মে উক্ত ক্যান্টিনের মেয়াদ পুনরায় ০৫(পাঁচ) বছর বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন। বর্তমানে উক্ত হারে ভাড়া পরিশোধ করছেন। ক্যান্টিনের বকেয়া ভাড়া ২৯/৩/২০১৮ তারিখের মধ্যে পরিশোধ করার জন্য অত্র দপ্তরের ২১ মার্চ ২০১৮ তারিখে পত্র প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ক্যান্টিনটি ইজারার জন্য উন্মুক্ত দরপত্র আহ্বানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। একইসংগে বর্তমান ইজারা গ্রহীতার নিকট হতে বকেয়া ভাড়া দ্রুততম সময়ের মধ্যে আদায় করতে হবে।

আলোচ্যবিষয়-১১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভূক্ত নিম্নোক্ত ডেভেলপার কোম্পানীর জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত চেয়ে আবেদন করেছেন ঃ-

| ক্রঃ নং | ডেভেলপার কোম্পানীর নাম | জমাকৃত জামানত এর পরিমান |
|---|---|---|
| ১. | ডিজিটাল ডেস্টিনেশন লিমিটেড | ৯,০০,০০০/- |
| ২. | একমি টেকনোলজিস লিমিটেড | ১০,০০,০০০/- |
| ৩. | গ্রীনউড ডেভেলপার লিমিটেড | ১০,০০,০০০/- |
| ৪. | কুমিল্লা হোল্ডিং লিমিটেড | ৩,০০,০০০/- |
| ৫. | এম আজাদ রিয়েল এষ্টেট | ১৭,০০,০০০/- |
| ৬. | জেন ডেভেলপার | ১,০০,০০০/- |
| ৭. | স্বর্নালী হোমস লিঃ | ১০,০০,০০০/- |
| ৮ | ইউনিমাস হোল্ডিংস লিঃ | ১৩,০০,০০০/- |
| ৯. | এ ডব্লিউ ইউ প্রোপার্টিজ লিঃ | ১৭,০০,০০০/- |
| ১০. | স্টারপাথ হোল্ডিংস লিঃ | ১০,০০,০০০/- |
| | মোট = | ১,০০,০০,০০০/- |

উপরোক্ত ডেভেলপার কোম্পানীর জমাকৃত জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় ডেভলোপার কর্তৃক বাড়ী নির্মাণ করা হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্তিসহ নির্দিষ্ট নিরাপত্তা জামানত জমা রাখতে হয়। জমি/বাড়ীর মালিকের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক বাড়ী নির্মাণ কাজ সম্পন্ন হলে সংশ্লিষ্ট ডেভলপারদের জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা হয়। সে মোতাবেক উপরোল্লিখিত ১০(দশ)টি প্রতিষ্ঠান তাদের জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত চেয়ে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত অনাপত্তি ছাড়াপত্র সাপেক্ষে ডেভলপারদের নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

ক. সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস এর অনাপত্তি ছাড়পত্র;

খ. ডিওএইচএস এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর অনাপত্তি ছাড়পত্র;

গ. জমির মালিকের অনাপত্তি ছাড়পত্র; ও

ঘ. ফ্ল্যাট ক্রেতাগণের অনাপত্তি ছাড়পত্র।

আলোচ্যবিষয়-১২ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রঃ নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | (ক) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ রেজাউল ইসলাম<br>(খ) উইং কমান্ডার (অবঃ) মোঃ জমির উদ্দিন | ৮০০<br>৮০১ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৭ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |
| ২. | মেজর (অবঃ) সৈয়দ ফজলে মুনীর ইয়াহ্ ইয়া | ৯৯৮ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন-২য় তলা থেকে ৭ম তলা পার্টিশান ওয়ালের পরিবর্তন) |
| ৩. | লেঃ কর্ণেল (অবঃ) এম এ মালিক | ৪৬৪ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা (নিচতলায় উত্তর পার্শ্বে এক ইউনিট নির্মাণ) |
| ৪. | (১) শিরিনা বেগম<br>(২) হেলেনা বেগম<br>(৩) রেহেনা বেগম | সিবি-১৫৮/২ | কচুক্ষেত পুরান বাজার এলাকা | | ০৭ (সাত) তলা নতুন ভবন নির্মাণ |

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও অন্যান্য এলাকার ০৪ টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত ঃ ১২.১। সভায় বিস্তারিত আলোচনান্তে Land point of view-তে ডিওএইচএস সমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১২ এর ক্রমিক নং-২ এর ০১টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১২.২। ক্রমিক নং-১, ২ ও ৩ এ বর্ণিত ৩ টি প্লট ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে বাস্তব অবস্থার ছবিসহ মতামত আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রঃ নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | মিরপুর ডিওএইচএস এলাকায় ডেসকো কর্তৃক কর্তনকৃত রাস্তার মেরামত ও কার্পেটিং কাজ। | ৩৬,২৩,৫৭৩/- | ডেসকো কর্তৃক জমাকৃত অর্থ হতে | সংশ্লিস্ট ডিওএইচএস পরিষদের ১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ১৭২৩/ডিওএইচএস/ মিরপুর নং পত্র। |
| ২. | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রোড নং-০১ (পূর্ব) হতে লিংক রোড এমইএস ক্যান্টিন (সিরামিক ইন্ডাস্ট্রি সংলগ্ন) পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজ। | ৬,৭৪,৯৪৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | সংশ্লিস্ট ডিওএইচএস পরিষদের ৩০ আগস্ট ২০১৮ তারিখের ১৭২২/ডিওএইচএস/ মিরপুর নং পত্র। |
| ৩. | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের স্টাফ কোয়ার্টার নং-২ মেরামত ও রংকরণ কাজ (অধ্যক্ষ)। | ২,৮১,০৮৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | অধ্যক্ষ, শহীদ রমিজ উদ্দিন ক্যান্ট কলেজের ১১/৩/২০১৮ তারিখের আবেদনপত্র। |
| ৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৯৭/এ(১১/২) টিনসেড বাসা মেরামত করণ কাজ। | ৩৯,২৯৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | সংশ্লিষ্ট বাসায় বসবাসকারীর ০৫/৩/২০১৮ তারিখের আবেদনপত্র। |
| ৫. | শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ১,৯৯,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | অধ্যক্ষ, শঃরঃক্যাঃ কলেজের ০৪/৩/২০১৮ এবং ২১/৩/২০১৮ তারিখের পত্র। |
| ৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের বাসা নং-২৬/ডি-১৩ মেরামত ও রংকরণ কাজ। | ৬৪,১৬০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | বাসায় বসবাসকারীর ০৩/১২/২০১৭ তারিখের আদেনপত্র। |
| ৭. | ২৫ ফেব্রুয়ারি ২০১৮ উপলক্ষে বনানী সামরিক কবরস্থানের প্রয়োজনীয় মেরামত ও রংচুনার কাজ। | ৩,৪৫,৯৪৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৮. | বারিধারা ডিওএইচএস এলাকার ডেসকো কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামত/সংস্কার কাজ। | ৯,৬৩,৪৯১/- | ডেসকো কর্তৃক জমাকৃত অর্থ হতে | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | বারিধারা ডিওএইচএস এলাকার খালের পূর্ব প্রান্তের পায়ে চলার রাস্তায় টাইলস্ স্থাপন কাজ। | ১১,২৫,৫৯৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল | বারিধারা ডিওএইচএস পরিষদের ০৫/৩/২০১৮ তারিখের ডিওএইচএস-বা/ ১১০/এডমিন নং পত্র। |
| ১০. | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের (আল্লাহু মসজিদ) এসি মেরামত, সার্ভিসিং এবং ০৩টি থ্রি ফেজ সার্কিট ব্রেকার পরিবর্তন কাজ। | ৫১,১০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | মসজিদের ইমাম সাহেবের ০৪/৩/২০১৮ তারিখের আবেদনপত্র। |
| ১১. | সিএমটিডি এর লেকে বৃষ্টির পানি প্রবেশ পথে আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ২,৯৬,৬০০/- | বোর্ড তহবিল | |
| ১২. | মহাখালী ডিওএইচএস এলাকার লেকের উত্তর পশ্চিম পার্শ্বে মাটি ধরে রাখার জন্য আরসিসি স্ল্যাব নির্মাণ। | ৩৬,৫৪,৩৩৬/- | ডিওএইচএস উন্নয়ন/ বিবিধ/ বোর্ড তহবিল | |
| ১৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-২ নং বাসার নিরাপত্তা গ্রীল সরবরাহ ও স্থাপন কাজ। | ৬৮,০৭৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ১৪. | রজনীগন্ধা সুপার মার্কেট এলাকায় জেব্রা ক্রসিং স্থানান্তর ও এমপি চেকপোষ্টের নিয়ন্ত্রণাধীন আর্চওয়ে পুনঃস্থাপন এবং ১৬ বীর প্রশিক্ষণ মাঠ সংলগ্ন সড়কে জেব্রা ক্রসিংসহ অন্যান্য রংকরণ। | ৫৫,৩৫৪/- | বোর্ড তহবিল | ১৩ এমপি ইউনিটের ১৬/৫/১৭ তারিখের পত্র |
| ১৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৪/এফ নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৬৪,৫৫৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে আলোচ্যবিষয়-১৩ এর ১৫টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৩, ৪, ৫, ৬, ৭, ১০, ১৩ ও ১৫ এ বর্ণিত ০৮ (আট)টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ২, ৮, ৯, ১১, ১২ ও ১৪ এ বর্ণিত ০৭(সাত)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রঃ নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নিচতলার উত্তর পূর্ব পার্শ্বে একটি টয়লেটসহ অজুখানা নির্মাণ কাজ। | ২,১১,২৫৩/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ২,১১,২৫৩/- | অনুদান | |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের বাসা নং-৪৮/এ (ভবন-১), ৪র্থ তলা দক্ষিণ পার্শ্ব সংস্কার ও মেরামত কাজ। | ৫৫,০০০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৫৫,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের বাসা নং-৪৮/এ (ভবন-১), ২য় তলা উত্তর পার্শ্ব মেরামত ও রংকরণ কাজ। | ৭২,৩৬০/- | মেসার্স এ এন্ড ডি ব্রাদার্স | ৭২,৩৬০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৪। | রজনীগন্ধা সুপার মার্কেটের 'এ' ব্লকের জন্য থ্রি ফেজ বিদ্যুৎ লাইন স্থাপন কাজ। | ৫,৫৬,৮১৮/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ (মনিপুরীপাড়া) | ৫,৫৬,৮১৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫। | ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের বাৎসরিক সংস্কার, মেরাত ও রংকরণ কাজ। | ৪,০০,০০০/- | মেসর্সা সিফাত এন্টারপ্রাইজ | ৪,০০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৬। | সেনাপল্লী হাই স্কুলের বাৎসরিক সংস্কার, মেরাত ও রংকরণ কাজ। | ৪,০০,০০০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৪,০০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৭। | মহাখালী ডিওএইচএস এলাকার পশ্চিম পার্শ্বে সেন্ট্রাল রোডের ২৭ নং হতে ৩২ নং রোড পর্যন্ত এবং ২৮ নং রোডের আংশিক (প্লট নং ৩৬৫ হতে ৩৭১ পর্যন্ত) মেরামতসহ কার্পেটিং (এ্যাসফাল্ট প্লান্টের সাহায্যে) কাজ। | ২৩,৬৩,৩৭৫/- | মেসার্স এসআই এন্টারপ্রাইজ | ২৩,৬৩,৩৭৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | |
| ৮। | মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের পূর্ব পার্শ্বে ড্রেন পরিস্কারকরণসহ ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ৭,৪৪,৯৫১/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৭,৪৪,৯৫১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | |
| ৯। | শহীদ সরণিস্থ স্টাফ রোডের টি ক্রস হতে দক্ষিণ দিকে বেলায়েত রোড পর্যন্ত ফুটপাত ভেঙ্গে রাস্তা সম্প্রসারণ ও নতুন করে ফুটপাত নির্মাণ কাজ। | ৭০,০০,০০০/- | মেসার্স কাকলী স্যানিটারী | ৭০,০০,০০০/- | বোর্ড তহবিল | |

আলোচনা ঃ আলোচ্য বিষয়-১৪ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ

১৪.১। আলোচ্য বিষয়-১৩ এর ১৬(ষোল)টি প্রকল্পের দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪.২। ক্রমিক নং-২, ৩, ৪, ৫ ও ৬ এ উল্লেখিত ০৫(পাঁচ)টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৪.৩। ক্রমিক নং-১, ৭, ৮ ও ৯ এ উল্লেখিত ০৪(চার)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৫ঃ মিরপুর ডিওএইচএস এর ৪৫৪ নং প্লটে সংশোধিত ০৭ তলার (আভ্যন্তরীন পরিবর্তন-২য় তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট এবং ৩য় তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) নকশা অনুমোদন প্রসংগে সংশ্লিষ্ট প্লট মালিকের ০৭ মার্চ ২০১৮ তারিখের আবেদনপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ গত ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-১৮(২) এর মাধ্যমে মিরপুর ডিওএইচএস এর ৪৫৪ নং প্লটে সংশোধিত ০৭ তলার (আভ্যন্তরীন পরিবর্তন-২য় তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট এবং ৩য় তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) নকশা অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে তা এমআইএসটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ১০ অক্টোবর ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৪৫৪/ডিওএইচএস মিরপুর/৪১ নং পত্রের মাধ্যমে এমআইএসটির ভেটিং বাবদ অর্থ পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্লট মালিককে পত্র দেয়া হয়। তৎপ্রেক্ষিতে প্লট মালিক ০৭ মার্চ ২০১৮ তারিখের আবেদনের মাধ্যমে বিষয়টি যেহেতু শুধুমাত্র আভ্যন্তরীন পরিবর্তন তাই এমআইএসটিতে না পাঠিয়ে বিষয়টি পুনঃবিবেচনা করে দাখিলকৃত নকশাটি (শুধুমাত্র আভ্যন্তরীন পরিবর্তন) অনুমোদন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৪৫৪ নং প্লটটি ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে আগামী সভায় মতামত উপস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৬ঃ গত ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-১৫ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন চলমান কাজে নিয়োজিত ঠিকাদার মেসার্স সেভেন স্টার ইলেকট্রনিক্স এর সম্পাদিত কাজের ১,৩৮,৭০,৫৩৬/- (এক কোটি আটত্রিশ লক্ষ সত্তর হাজার পাঁচশত ছত্রিশ) টাকা এবং মেসার্স সৈয়দ রোমায়েল হোসেন(রাফি) এন্টারপ্রাইজ এর সম্পাদিত কাজের ১৮,৫৪,২১৭/- (আঠার লক্ষ চুয়ান্ন হাজার দুইশত সতের) টাকা পরিশোধের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের ০২ জন এবং এমইএস এর ০১ জনসহ মোট ০৩ জন ঠিকাদারের বিষয়ে ১৩ এমপি ইউনিটের ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের পত্রের ঘটনা প্রতিবেদনের প্রেক্ষিতে গত ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৫ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদার মেসার্স সেভেন স্টার ইলেকট্রনিক্স এবং মেসার্স জোবেদা এন্টারপ্রাইজ এর ঠিকাদারী তালিকাভূক্তি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সিএমইএস (বিমান) এর তালিকাভুক্ত ঠিকাদার মেসার্স সৈয়দ রোমায়েল হোসেন (রাফি) এন্টারপ্রাইজ এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সিএমইএস (বিমান) কর্তৃপক্ষের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ০২ জন ঠিকাদারের তালিকাভুক্তি বাতিল করা হয়েছে এবং সিএমইএস (বিমান) এর তালিকাভুক্ত ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। ক্যান্টনমেন্ট বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন চলমান কাজে নিয়োজিত ঠিকাদার (১) মেসার্স সেভেন স্টার ইলেকট্রনিক্স এর ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডের প্লট নং-৬৬/সি এর পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জমিতে কর্মকর্তাদের জন্য (১×৪×৬) = ২৪টি বাসস্থান নির্মাণ কাজের মধ্যে সম্পাদিত কাজের পরিমাণ ১,৩৮,৭০,৫৩৬/- (এক কোটি আটত্রিশ লক্ষ সত্তর হাজার পাঁচশত ছত্রিশ) টাকা (পাইপ ড্রেন নির্মাণে ৫,৮৪,৯৫৬/- টাকাসহ) এবং মেসার্স সৈয়দ রোমায়েল হোসেন (রাফি) এন্টারপ্রাইজ এর ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ড্রেন নির্মাণ, কার পার্কিং ও সৌন্দর্য বর্ধন কাজের মধ্যে সম্পাদিত কাজের পরিমাণ ১৮,৫৪,২১৭/- (আঠার লক্ষ চুয়ান্ন হাজার দুইশত সতের) টাকা।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদারী তালিকা হতে বাতিলকৃত প্রতিষ্ঠান মেসার্স সেভেন স্টার ইলেকট্রনিক্স কর্তৃক সম্পাদিত কাজের বিল বাবদ ১,৩৮,৭০,৫৩৬/- (এক কোটি আটত্রিশ লক্ষ সত্তর হাজার পাঁচশত ছত্রিশ) টাকা এবং সিএমইএস (বিমান) এ তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স সৈয়দ রোমায়েল হোসেন (রাফি) এন্টারপ্রাইজ কর্তৃক সম্পাদিত কাজের বিল বাবদ ১৮,৫৪,২১৭/- (আঠার লক্ষ চুয়ান্ন হাজার দুইশত সতের) টাকা বাজেট প্রাপ্তি সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৭ঃ বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল লাইন এলাকায় এমফি থিয়েটার নির্মাণ ও শিশুপার্কের খেলনা সামগ্রী স্থাপন কাজের প্রকল্প সাইটের জমি ব্যবহারের অনাপত্তি/ব্যবহারিক সনদপত্র প্রদান বিষয়ে জিই(আর্মি) নর্থ, ঢাকা সেনানিবাসের ৩০/০১/২০১৮ তারিখের পত্র প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বীর শ্রেষ্ঠ মোস্তফা কামাল লাইন এলাকায় এমফিথিয়েটার নির্মাণ ও শিশুপার্কের খেলনা সামগ্রী স্থাপন কাজের জন্য ২৫,০০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন চেয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৯ জুলাই ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০২৭.০১৪. ০৪৭(১).১৭-৯৭ নং পত্রের মাধ্যমে জানানো হয় প্রস্তাবিত প্রকল্পের জায়গা 'সি' শ্রেণীখভুক্ত কিনা। পরবর্তীতে অত্র দপ্তর কর্তৃক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে জানানো হয় যে প্রস্তাবিত জায়গা 'সি' শ্রেণীভুক্ত নয়। তবে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক শিশুদের বিনোদন ও মানষিক বিকাশের জন্য ক্যান্টনমেন্ট এ্যাক্টের ১৯২৪ এর ১১৭(বি) ধারা অনুসারে উন্মুক্ত স্থানে শিশুপার্ক নির্মাণ করা যেতে পারে। পরবর্তীতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে শর্ত সাপেক্ষে ২৫,০০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদন পাওয়া যায়। তবে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৪/০২/২০১৫ তারিখের ৯/এমএলএন্ডসি/যশোর/৭/২০১৪-২০১৫/শা-৮/১১৩ নং পত্রের নির্দেশনা অনুযায়ী স্থানীয় কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী 'সি' শ্রেণী ব্যতিত অন্য কোন জমিতে উন্নয়ন কার্যক্রম গ্রহণ করতে হলে জমি ব্যবহারের অনাপত্তি/ব্যবহারিক সনদপত্র গ্রহণ করতে হবে এবং ব্যবহৃত জমি 'সি' শ্রেণীতে রূপান্তর করার প্রক্রিয়া গ্রহণ করতে হবে মর্মে জানানো হয়। অতঃপর জিই(আর্মি) নর্থ, ঢাকা সেনানিবাসের ৩০/০১/২০১৮ তারিখের ২০০০/১৫৬/ই-২ নং পত্রের মাধ্যমে উক্ত জমির বিষয়ে অনাপত্তি/ব্যবহারিক সনদপত্র হিসাবে গণ্য করার জন্য অনুরোধ করা হয়। প্রকল্পটি বাস্তবায়নের পূর্বে বোর্ডসভার অনুমোদন গ্রহণের জন্য সাভূসে অধিদপ্তর হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জিই(আর্মি) নর্থ, ঢাকা সেনানিবাসের ৩০/০১/২০১৮ তারিখের পত্রের মাধ্যমে বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল লাইন এলাকায় এমফি থিয়েটার নির্মাণ ও শিশুপার্কের খেলনা সামগ্রী স্থাপন কাজের প্রকল্প সাইটের জমি ব্যবহারের অনাপত্তি/ব্যবহারিক সনদপত্র প্রদান করায় উক্ত প্রকল্পটি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৮ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের পোষ্ট অপারেটিভ ওয়ার্ড এবং ওটির ছাদ মেরামত এবং দরজা মেরামত এবং হাসপাতালের ডিউটি ডাক্তারের কক্ষ বৃদ্ধি প্রসংগে হাসপাতাল কর্তৃপক্ষের ০৭ ফেব্রুয়ারি, ১৮ ফেব্রুয়ারি এবং ০৪ মার্চ ২০১৮ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনারেল হাসপাতালের পোষ্ট অপারেটিভ ওয়ার্ড এবং ওটির ছাদ মেরামত এবং দরজা মেরামত এবং হাসপাতালের ডিউটি ডাক্তারের কক্ষ বৃদ্ধির জন্য ০৭ ফেব্রুয়ারি, ১৮ ফেব্রুয়ারি এবং ০৪ মার্চ ২০১৮ তারিখের পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের পোষ্ট অপারেটিভ ওয়ার্ড এবং ওটির ছাদ মেরামত এবং দরজা মেরামত এবং হাসপাতালের ডিউটি ডাক্তারের কক্ষ বৃদ্ধি করার অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে। বিধি মোতাবেক দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৯ঃ ঢাকা সেনানিবাসস্থ প্রধান সড়ক থেকে নির্ঝর এলাকায় গমনের দিক নির্দেশনা বোর্ড স্থাপনের বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা, ঢাকা সেনানিবাসের ০৭ মার্চ ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০০২.২৮.০৭.০৩.১৭ নং পত্র প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ প্রধান সড়ক থেকে নির্ঝর এলাকায় গমনের দিক নির্দেশনা বোর্ড স্থাপনের জন্য সেনাসদর, কিউএমজি'র শাখা, ঢাকা সেনানিবাসের ০৭ মার্চ ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২. ০০২.২৮.০৭.০৩.১৭ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক হতে নির্ঝর এলাকায় গমনের জন্য নমুনা মোতাবেক দিক নির্দেশিকা স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা, ঢাকা সেনানিবাসের সাথে সমন্বয় করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-২০ঃ গত ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের আলোচ্য বিষয় ১৯ এর মাধ্যমে দূর্যোগপূর্ণ আবহাওয়ায় চাকুরীরত অথবা অবসরপ্রাপ্ত সেনাসদস্যদের রাষ্ট্রীয়/সামরিক মর্যাদায় অন্তোষ্টিক্রিয়ার জন্য বনানী সামরিক কবরস্থানে শেড নির্মাণের নিমিত্ত ১,৯৯,৫০০/-(এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা কবরস্থান খাত হতে ব্যয়ের অনুমোদন দেওয়া হয়। উক্ত খাতে অর্থ না থাকায় বোর্ড ফান্ড হতে ব্যয় সংকুলানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, দূর্যোগপূর্ণ আবহাওয়ায় চাকুরীরত অথবা অবসরপ্রাপ্ত সেনাসদস্যদের রাষ্ট্রীয়/সামরিক মর্যাদায় অন্তোষ্টিক্রিয়ার জন্য বনানী সামরিক কবরস্থানে শেড নির্মাণের নিমিত্ত ১,৯৯,৫০০/-(এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা কবরস্থান খাত হতে ব্যয়ের অনুমোদন দেওয়া হয়। কিন্তু করবরস্থান খাতে পর্যাপ্ত অর্থ না থাকায় উক্ত কাজটি বোর্ড তহবিল হতে ব্যয় সংকুলান সাপেক্ষে সম্পাদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দূর্যোগপূর্ণ আবহাওয়ায় চাকুরীরত অথবা অবসরপ্রাপ্ত সেনাসদস্যদের রাষ্ট্রীয়/সামরিক মর্যাদায় অন্তোষ্টিক্রিয়ার জন্য বনানী সামরিক কবরস্থানে শেড নির্মাণের নিমিত্ত ১,৯৯,৫০০/-(এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা বোর্ড তহবিল হতে ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত শেডটি বোর্ডের তত্ত্বাবধানে সংরক্ষণ করতে হবে।

আলোচ্যবিষয়-২১ঃ শহীদ বাশার রোডের ১৬৮ নং বাংলো-তে (কিউএমজি মহোদয়ের) ৮০০০ স্কয়ারফিট লন তৈরীর জন্য ২,৭৪,০০০/-(দুই লক্ষ চুয়াত্তর হাজার) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ বাশার রোডের ১৬৮ নং বাংলোয় ৮০০০ বর্গফুট লন তৈরীর জন্য নিম্নবর্ণিত মূল্যানুমান প্রস্তুত করা হয়েছেঃ-

| ক্রঃ নং | কাজের বিবরণ | পরিমাণ | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১. | মাটিকাটা লেবার | ৭০ জন | ৬০০.০০ | ৪২০০০.০০ |
| ২. | মাটি বাহিরে ফেলার জন্য ট্রাক ভাড়া | ০৬টি | ৮৫০০.০০ | ৫১০০০.০০ |
| ৩. | ভিটি বালি | ১০ট্রাক | ৮৮০০.০০ | ৮৮০০০.০০ |
| ৪. | বালি ছিটানোর জন্য লেবার | ৫০ জন | ৬০০.০০ | ৩০০০০.০০ |
| ৫. | জৈবসার | ২০ বস্তা | ৫০০.০০ | ১০০০০.০০ |
| ৬. | ঘাস | ৫০ বস্তা | ৫০০.০০ | ২৫০০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | ডিএপি সার | ০২ বস্তা | ১৪০০.০০ | ২৮০০.০০ |
| ৮. | ঘাস রোপনের জন্য লেবার | ৪০ জন | ৫০০.০০ | ২০০০০.০০ |
| ৯. | কেমিকেল | ০২ কেজি | ২৬০০.০০ | ৫২০০.০০ |
| | | | মোট = | ২,৭৪,০০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে শহীদ বাশার রোডের ১৬৮ নং বাংলো-তে (কিউএমজি মহোদয়ের) ৮০০০ স্কয়ারফিট লন তৈরীর জন্য ২,৭৪,০০০/-(দুই লক্ষ চুয়াত্তর হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-১৯৮৯ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের জন্য ১,৬৮,২০০/-(এক লক্ষ আটষট্টি হাজার দুইশত) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা ঃ কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-১৯৮৯ নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের জন্য মূল্যানুমান প্রস্তুত করা হয়েছেঃ-

| ক্রঃ নং | বিবরণ | পরিমাণ | মোট |
|---|---|---|---|
| ১. | গিয়ার বক্স | ০১টি | ৪০,৬০০.০০ |
| ২. | ব্রেকের সারবো | ০২টি | ১,২৫০.০০ |
| ৩. | এসি পাম্প রিকন্ডিশন | ০১টি | ২,৫০০.০০ |
| ৪. | ব্যাটারীর তার | ১২ ফুট | ২,৫০০.০০ |
| ৫. | সেলফ মেরামত | ০১টি | ৫,৯০০.০০ |
| ৬. | হাওয়ার কন্ট্রোলার মেরামত | ০১টি | ২,৩০০.০০ |
| ৭. | ব্রেকের পাইপ | ০১টি | ৭৫০.০০ |
| ৮. | ডিজেল ফিল্টার | ০১টি | ২০০.০০ |
| ৯. | তেলের পাইপ ১০ফুট | ০১টি | ১,২৫০.০০ |
| ১০. | চাকা | ০৪টি | ৮০,০০০.০০ |
| ১১. | ব্যাটারী | ০১টি | ১৮,০০০.০০ |
| ১২. | ক্লাস সিলেন্ডার | ০১টি | ২,৪০০.০০ |
| ১৩. | ক্লাস সিন্ডারের যোগান | ০১টি | ৩,৯০০.০০ |
| ১৪. | ছকেট জাম্পার | ০১টি | ২,৩০০.০০ |
| ১৫. | তেলের বেনজি বল্টু | ০৫টি | ৪৫০.০০ |
| ১৬. | এক্সিস মেয়ারিং | ০১টি | ৩,৯০০.০০ |
| | | মোট = | ১,৬৮,২০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-১৯৮৯ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের জন্য ১,৬৮,২০০/-(এক লক্ষ আটষট্টি হাজার দুইশত) টাকার মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার নং-ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের জন্য ৩৭,৫০০/-(সাইত্রিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত (ক-৫) হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার নং-ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের জন্য নিম্নবর্ণিত মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে ঃ-

| ক্রঃ নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | রেডিওটার | ০১টি | ৭৫০০.০০ | ৭,৫০০.০০ |
| ২. | ছকেট জাম্পার | ০১টি | ২২৬০০.০০ | ২২,৬০০.০০ |
| ৩. | রিং রড | ০১ সেট | ৪৩০০.০০ | ৪,৩০০.০০ |
| ৪. | বেয়ারিং | ০২টি | ১৫৫০.০০ | ৩,১০০.০০ |
| | | | মোট= | ৩৭,৫০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কার নং-ঢাকা মেট্রো-খ-১২-৫৯০৮ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের জন্য ৩৭,৫০০/-(সাইত্রিশ হাজার পাঁচশত) টাকার মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত (ক-৫) হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৪ঃ সেনানিবাস এলাকার ঘাসকাটার জন্য ০২(দুই)টি ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের নিমিত্ত প্রতিটি ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা হারে ৭০,০০০/-(সত্তর হাজার) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসে নিয়মিত ঘাস কাটার জন্য কোরিয়ার তৈরী দুটি ব্যাকপ্যাক মেশিন ক্রয় করা প্রয়োজন। প্রতিটি ব্যাকপ্যাক মেশিন ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা হারে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসে নিয়মিত ঘাস কাটার জন্য কোরিয়ার তৈরী দুটি ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের জন্য প্রতিটি ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা হারে ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৫ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েবসাইট এর ডোমেইন (বিটিসিএল) চার্জ, হোস্টিং চার্জ (নির্মাণকারী সংস্থা) এবং সংরক্ষণ, উন্নয়ন ও নিরাপত্তা নিশ্চিতকরণ কাজের জন্য ওয়েবসাইট নির্মাণকারী প্রতিষ্ঠানের সাথে বাৎসরিক চুক্তি সম্পাদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর (www.dmlc.gov.bd) এবং ক্যান্টনমেন্ট বোর্ডের (www.canttboard-dhaka.gov.bd) ওয়েবসাইট অরেঞ্জ বিডি লিমিটেড কর্তৃক প্রস্তুত করা হয়েছে। ওয়েবসাইট দু'টির জন্য বিটিসিএল থেকে ডোমেইন গ্রহণ করা হয়েছে এবং নির্মাণকারী প্রতিষ্ঠানের মাধ্যমে সার্ভারে হোস্টিং করা আছে। ডোমেন এবং হোস্টিং বাবদ বাৎসরিক নিম্নবর্ণিত হারে ফি পরিশোধ করতে হয় ঃ-

| ক্রমিক নং | বিবরণ | বাৎসরিক ফি |
|---|---|---|
| ১. | ডোমেইন চার্জ (বিটিসিএল) | ৯২০/- |
| ২. | হোস্টিং চার্জ | ৭,০০০/- |
| ৩. | বাৎসরিক রক্ষণাবেক্ষণ | ৩০,০০০/- |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর (www.dmlc.gov.bd) এবং ক্যান্টনমেন্ট বোর্ডের (www.canttboard-dhaka.gov.bd) ওয়েবসাইট এর ডোমেইন চার্জ (বিটিসিএল), হোস্টিং চার্জ ও বাৎসরিক রক্ষণাবেক্ষণ বাবদ প্রতিটি ওয়েবসাইটের জন্য নিম্নবর্ণিত হারে ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | বিবরণ | বাৎসরিক ফি | একক (২টি ওয়েব সাইটের জন্য) | মোট |
|---|---|---|---|---|
| ১. | ডোমেইন চার্জ (বিটিসিএল) | ৯২০/- | ২ | ১,৮৪০/- |
| ২. | হোস্টিং চার্জ | ৭,০০০/- | ২ | ১৪,০০০/- |
| ৩. | বাৎসরিক রক্ষণাবেক্ষণ | ৩০,০০০/- | ২ | ৬০,০০০/- |
| | | | বাৎসরিক সর্বমোট = | ৭৫,৮৪০/- |

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। এ প্রসংগে উল্লেখ্য যে, আগামী অর্থ বছরের বাজেটে 'আইটি খাত' নামে পৃথক খাত সৃজন করে চাহিদা মোতাবেক বরাদ্দ রাখতে হবে।

আলোচ্যবিষয়-২৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের নির্মিতব্য কিচেন মার্কেটের কনসালটেন্সী ফি প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে একটি আধুনিক ও সময়োপযুগী মার্কেট নির্মাণের পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। মার্কেটটির নির্মাণ কাজ ধাপে ধাপে সম্পন্ন করা হবে। প্রথম ধাপে কিচেন মার্কেট (মাছ, মাংস,সব্জি ইত্যাদি) এবং চাউলসহ অন্যান্য সামগ্রীর মার্কেট এবং দ্বিতীয় ধাপে অন্যান্য ট্রেডের জন্য মার্কেট নির্মাণ করা হবে। প্রাথমিক পর্যায়ে কিচেন মার্কেট নির্মাণের জন্য গত ২৯ নভেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩ এর মাধ্যমে ২২,৫২,৯৫,৮৫৯/- (বাইশ কোটি বায়ান্ন লক্ষ পঁচানব্বই হাজার আটশত ঊনষাট) টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়েছে। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০ জানুয়ারি, ২০১৮ তারিখের ২৩.২২.০০০০.০২৭.০১৪.০৯৬.১৮.১২-৩২ নং পত্রের মাধ্যমে উক্ত কাজের মূল্যানুমান ও নকশা অনুমোদন করা হয়েছে। উক্ত মার্কেটের নকশা প্রস্তুত কাজে নিয়োজিত কনসালটেন্ট মার্ক আর্কিটেক্টস্ এন্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড এর ফি মোট নির্মাণ ব্যয়ের ১% হারে নির্ধারণ করা হয়েছে এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হয়েছে। সে অনুযায়ী কনসালটেন্ট এর সাথে চুক্তিপত্র সম্পাদন করা যেতে পারে। এছাড়াও মার্কেট নির্মাণের ফিজিবিলিটি স্টাডিও মার্ক আর্কিটেক্টস্ এন্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড কর্তৃক সম্পন্ন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ ২৬.১। বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে প্রথম ধাপে কিচেন মার্কেট ও পরবর্তী ধাপে অন্যান্য মার্কেট নির্মাণের জন্য নিয়োজিত কনসালটেন্ট মার্ক আর্কিটেক্টস্ এন্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড এর সাথে মোট নির্মাণ ব্যয়ের অনুমোদিত ১% হারে চুক্তিপত্র সম্পাদনের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। কার্যাদেশ অনুযায়ী কনসালটেন্ট এর বিল পরিশোধের ধাপ (Mode of Payment) নিম্নরূপ হবেঃ-

| ক্রমিক নং | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|
| ১. | কাজ শুরুর সময় | ২০% |
| ২. | বিল্ডিং এর ৫০% সম্পন্ন হওয়ার পর | ৩০% |
| ৩. | ১০০% কাজ শেষ হওয়ার এক মাস পর | ৫০% |

২৬.২। মার্কেট নির্মাণের ফিজিবিলিটি স্টাডির জন্য মার্ক আর্কিটেক্টস্ এন্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড-কে এককালীন ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৭ঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের এসি কেবিনসমূহ নন-এসি কেবিন হিসেবে ভাড়া নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ১১/০৩/২০১৮ খ্রিঃ তারিখের এসকেএমসিবি জিএইচ/৪৮ নং পত্রের মাধ্যমে হাসপাতালের পরিচালক (প্রশাসন) হাসপাতালের সেবা কার্যক্রম অব্যহত রাখতে জরুরী ভিত্তিতে ৩০১, ৩০২, ৪০২ ও ৪০৩ নং এসি কেবিনসমূহ-কে নন-এসি কেবিনের ভাড়া হিসেবে কেবিন ভাড়া নির্ধারণ করার জন্য অনুরোধ করেন। উক্ত হাসপাতালের ১৭টি এসি এবং ০৬টি নন-এসি কেবিন রয়েছে। অনেক ক্ষেত্রে রোগীগণ ব্যয় কমানোর জন্য নন-এসি কেবিন চাহিদা করে থাকে। কিন্তু নন এসি কেবিন কম এবং খালী না থাকায় বাধ্য হয়ে এসি কেবিন নিতে হয় অথবা রোগী ফেরত চলে যায়। সেক্ষেত্রে প্রাথমিকভাবে ০৪টি এসি কেবিন-কে এসি ব্যবহার ব্যতীত নন এসি কেবিন মূল্যে ভাড়া দিলে রোগীরা উপকৃত হবেন। বিষয়টি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়ের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে হাসপাতালের সেবা কার্যক্রম অব্যহত রাখার স্বার্থে জরুরী ভিত্তিতে “কেবিনসমূহের বাইরে কেন্দ্রীয়ভাবে স্থাপিত সার্কিট ব্রেকারে লক সিস্টেম চালু করে চীফ মেডিকেল অফিসার কর্তৃক এসি কেবিন-কে নন এসি কেবিন হিসেবে ব্যবহারের প্রত্যয়ন প্রদানপূর্বক ভাড়া দিতে হবে” শর্তে নিম্নোক্ত এসি কেবিনসমূহ-কে গত ১৫/০৩/২০১৮ খ্রিঃ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে নন-এসি কেবিনের ভাড়া হিসেবে কেবিন ভাড়া নির্ধারণ করার অনুমোদন করেন ঃ-

| এসি কেবিন নং | বর্তমান ভাড়া | নন এসি হিসেবে প্রস্তাবিত ভাড়া |
|---|---|---|
| ৩০১, ৩০২, ৪০২ ও ৪০৩ | ২২০০/- | ১৭০০/- |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ৩০১, ৩০২, ৪০২ ও ৪০৩ নং এসি কেবিন রোগী/গ্রাহকদের চাহিদার প্রেক্ষিতে কেন্দ্রীয় সার্কিট ব্রেকার এর মাধ্যমে এসি বন্ধ করে নন-এসি কেবিন হিসেবে ভাড়া প্রদানের ঘটনোত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৮ঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জরুরী সেবা প্রদানের লক্ষ্যে মাসিক মোবাইল বিলের খরচ অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ০৭/০২/২০১৮ খ্রিঃ তারিখের এসকেএমসি বিজিএইচ/৩০ নং পত্রের মাধ্যমে নিম্নোক্ত ব্যক্তিবর্গ/কাজে ব্যবহারের জন্য মোবাইল ফোন সেট ক্রয়সহ মাসিক মোবাইল বিলের খরচ অনুমোদনের জন্য অনুরোধ জানান। হাসপাতালে ০২টি টিএন্ডটি টেলিফোন সংযোগ রয়েছে, যার একটি রিপিসশনে ব্যবহৃত হয় এবং অপর সংযোগটি প্যারালাল কানেকশন দেওয়া রয়েছে যা যথাক্রমে পরিচালক প্রশাসন, সিএমও, ডিউটি ডাক্তার রুম-১০৮ এবং ডাক্তার রুম ২১১ তে ব্যবহৃত হয়। হাসপাতালের কোন নিজস্ব মোবাইল নম্বর না থাকায় প্রশাসনিক ও চিকিৎসা সার্ভিসের ক্ষেত্রে নানাবিধ সমস্যার সম্মুখীন সৃষ্টি হচ্ছে। চিকিৎসা সেবার মান অব্যাহত রাখতে হাসপাতালের সাথে বিশেষজ্ঞ ডাক্তারদের এবং রোগীর প্রতিনিয়ত যোগাযোগের জন্য সংযোগসহ মোবাইল ফোন ক্রয় করা একান্ত প্রয়োজনঃ-

| ক্র/নং | প্রাধিকার (ব্যবহারকারী) | মোবাইল ফোনের আনুমানিক মূল্য | মাসিক মোবাইল বিলের খরচ (সর্বোচ্চ) |
|---|---|---|---|
| ক. | পরিচালক প্রশাসন | ১০,০০০/- হতে ১২,০০০/- | ৬০০/- |
| খ. | চীফ মেডিকেল অফিসার | ১০,০০০/- হতে ১২,০০০/- | ৬০০/- |
| গ. | ডিউটি ডাক্তার | ৭,০০০/- হতে ১০,০০০/- | ১,০০০/- |
| ঘ. | রিসিপশন | ৭,০০০/- হতে ১০,০০০/- | ৩০০/- |

উপরোক্ত তালিকার নামের পার্শ্বে বর্ণিত শুধুমাত্র মাসিক মোবাইল বিলের খরচ অনুমোদনের আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ৪টি মোবাইল ফোনের বিপরীতে মাসিক প্রতিটি ৫০০/- (পাঁচশত) টাকা হিসেবে ২,০০০/- (দুই হাজার) টাকা বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৯ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। আশা করা যাচ্ছে এপ্রিল, ২০১৮ মাসের মধ্যে উক্ত মার্কেটটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে। কিন্তু দোকান বরাদ্দলাভকারীগণের মধ্যে অনেকেই ইজারার কিস্তি সময়মত পরিশোধ করেননি। যার ফলে নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারদের বিল পরিশোধ করা যাচ্ছে না।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে দোকান বরাদ্দলাভকারীগণের মধ্যে যারা এখনো ইজারার কিস্তি পরিশোধ করেননি তাদেরকে বকেয়া অর্থ পরিশোধের জন্য চূড়ান্ত পত্র প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ব্যর্থতায় দোকান বরাদ্দ বাতিলসহ জমাকৃত টাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

আলোচ্যবিষয়-৩০ঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের শূন্য পদের বিপরীতে ০১ (এক) জন সিনিয়র স্টাফ নার্স, ০১ (এক) জন মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) এবং ০১ (এক) জন ওয়ার্ড বয় সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের ঘটনোত্তর অনুমোদন প্রদান প্রসংগে।

আলোচনা ঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক (প্রশাসন) গত ১৩/০৩/২০১৮ খ্রিঃ তারিখে কার্যবৃত্তপত্রের মাধ্যমে শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে স্থায়ী পদে নিয়োগ/পদায়ন না হওয়া পর্যন্ত ০১ (এক) জন সিনিয়র স্টাফ নার্স, ০১ (এক) জন মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) এবং ০১ (এক) জন ওয়ার্ড বয় নিয়োগের জন্য প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয়ের নিকট উপস্থাপন করেন ঃ-

| ক্রঃ নং | নাম, পিতার নাম ও ঠিকানা | পদের নাম | মোট পদ | শূন্য পদের সংখ্যা | মাসিক সর্বসাকুল্যে বেতন | নিয়োগের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১. | মোসাঃ বিউটি বেগম<br>পিতা-মোঃ বাদশা মন্ডল, গ্রাম-রামচন্দ্রপুর, পোঃ-রামচন্দ্রপুর হাট, থানা ও জেলা-চাঁপাইনবাবগঞ্জ। | সিনিয়র স্টাফ নার্স | ৩৮ | ২৬ | ১৫,০০০/- | ১৫/০৩/১৮ |
| ২. | জনাব মোঃ আক্তারুজ্জামান<br>পিতা-মোঃ নূর ইসলাম, গ্রাম-গুনেরভিটা, পোঃ-ঘোগাদহ, থানা ও জেলা-কুড়িগ্রাম। | মেডিকেল টেকনোলজিষ্ট (রেডিও) | ০২ | ০১ | ১২,০০০/- | ১৫/০৩/১৮ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩. | জনাব মোঃ সিমারুল ইসলাম<br>পিতা-মোঃ নাহারুল ইসলাম, গ্রাম-ধর্মদহ, পোঃ-ধর্মদহ-৭০৫২, থানা-দৌলতপুর, জেলা-কুষ্টিয়া। | ওয়ার্ড বয় | ০৫ | ০৪ | ১০,০০০/- | ১৫/০৩/১৮ |

প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় গত ১৫/০৩/২০১৮ খ্রিঃ তারিখে স্থায়ী পদে নিয়োগ/পদায়ন না হওয়া পর্যন্ত হাসপাতালের বেতন ভাতা খাত হতে মাসিক বেতন নির্বাহ সাপেক্ষে উপরোল্লিখিত ৩টি পদে নিয়োগ অনুমোদন করেন। উক্ত নিয়োগের ঘটনোত্তর অনুমোদনের জন্য সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স, মেডিকেল টেকনোলজিষ্ট (রেডিও) ও ওয়ার্ড বয় এর শূন্য পদের বিপরীতে পদায়ন/স্থায়ী নিয়োগ না হওয়া পর্যন্ত মাস্টার রোলে নিয়োগের ঘটনোত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩১ঃ গত ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৯(৪) এর মাধ্যমে মহাখালী ডিওএইচএস এলাকার বি/১২০ নং প্লটে লিফ্‌ট স্থাপনের সংশোধিত নকশা অনুমোদনের বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলীর কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এর বি/১২০ নং প্লটে লিফ্‌ট স্থাপনের সংশোধিত নকশা অনুমোদনের জন্য গত ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যবিষয়-৯(৪) এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, মহাখালী ডিওএইচএস এর বি/১২০ নং প্লটে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ০৫ (পাঁচ) তলা বাড়ীর নকশা অনুমোদন করা হয়। অনুমোদিত নকশায় নিচতলায় ০২টি গাড়ীর জন্য পার্কিংসহ একটি ইউনিট এবং ২য় থেকে ৫ম তলায় একটি করে ইউনিট আছে। প্রস্তাবিত সংশোধিত নকশায় সেটব্যাক ঠিক রেখে মূল ভবনের স্ট্রাকচারাল পরিবর্তন না করে মূল ভবনের পশ্চিম পার্শ্বে লিফ্‌ট স্থাপনের অনুমোদন দেয়া যেতে পারে মর্মে মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এর বি/১২০ নং প্লটে সেটব্যাক ঠিক রেখে মূল ভবনের স্ট্রাকচারাল পরিবর্তন না করে মূল ভবনের পশ্চিম পার্শ্বে লিফ্‌ট স্থাপনের সংশোধিত নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩২ঃ গত ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৯(৫) এর মাধ্যমে মহাখালী ডিওএইচএস এলাকার ১৫২ নং প্লটে আভ্যন্তরীন পরিবর্তনের (৪র্থ ও ৫ম তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) সংশোধিত নকশা অনুমোদনের বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলীর কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এর ১৫২ নং প্লটে আভ্যন্তরীন পরিবর্তনের (৪র্থ ও ৫ম তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) সংশোধিত নকশা অনুমোদনের জন্য গত ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যবিষয়-৯(৫) এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, মহাখালী ডিওএইচএস এর ১৫২ নং প্লটে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ০৬ (ছয়) তলা বাড়ীর নকশা অনুমোদন করা হয়। অনুমোদিত নকশায় নিচতলায় গাড়ী পার্কিং এবং ২য় থেকে ৬ষ্ঠ তলায় দুইটি করে ইউনিট আছে। প্রস্তাবিত সংশোধিত নকশায় নিচতলায় গাড়ী পার্কিং ও ২য়, ৩য়, ৬ষ্ঠ তলায় দুই ইউনিট করে এবং ৪র্থ, ৫ম তলায় এক ইউনিট করে দেখানো হয়েছে। প্রতিবেদনে প্রস্তাবিত সংশোধিত নকশা অনুমোদন করা যেতে পারে মর্মে মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এর ১৫২ নং প্লটে নিচতলায় গাড়ী পার্কিং ও ২য়, ৩য়, ৬ষ্ঠ তলায় দুই ইউনিট করে এবং ৪র্থ, ৫ম তলায় এক ইউনিট সম্বলিত সংশোধিত নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের হকার পুনর্বাসনের বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের হকার হার্ডস্ট্যান্ডে পর্যাপ্ত আলো না থাকায় হকারগণ হার্ডস্ট্যান্ডে না বসে যত্রতত্র বসে থাকেন। যার ফলে মার্কেটে প্রায়শঃই অনাকাঙ্খিত পরিস্থিতি সৃষ্টি হয়। হকার হার্ডস্ট্যান্ডে ১০০ ওয়াটের ০৬টি এলইডি সার্চ লাইট স্থাপনের জন্য ৭২,৭৪৮/- (বাহাত্তর হাজার সাতশত আটচল্লিশ) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের হকার হার্ডস্ট্যান্ডে ১০০ ওয়াটের ০৬টি এলইডি সার্চ লাইট স্থাপনের জন্য ৭২,৭৪৮/- (বাহাত্তর হাজার সাতশত আটচল্লিশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় রজনীনন্ধা সুপার মার্কেটের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩৪ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে মেয়াদোত্তীর্ণ দোকান পুনঃ বরাদ্দ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৩ এর মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের মেয়াদোত্তীর্ণ ২২টি দোকান মেয়াদোত্তীর্ণের তারিখ হতে ৫(পাঁচ) বছরের জন্য পুনঃ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রসংগে আলোচনাক্রমে সভায় জানানো হয় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে কিচেন মার্কেট (মাছ, মাংস, চাল, ডাল ইত্যাদি) নির্মাণের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। খুব শীঘ্রই নির্মাণ কাজ শুরু হবে। প্রথম পর্যায়ে কিচেন মার্কেট নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পর কিচেন ট্রেডের সকল দোকান নতুন মার্কেটে স্থানান্তর করে দ্বিতীয় পর্যায়ে নির্মাণ কাজ শুরু করা হবে। এ প্রেক্ষিতে রজনীগন্ধা সুপার মার্কেটে বিদ্যমান দোকানের ইজারা মেয়াদ উত্তীর্ণ হলে পুনঃ বরাদ্দ করতে কোন অসুবিধা নেই মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এ ক্ষেত্রে দোকন পুনঃ বরাদ্দ ফি বাবদ বোর্ডের রাজস্ব আয়ও বৃদ্ধি পাবে।

সিদ্ধান্ত ঃ ৩৪.১। বিস্তারিত আলোচনান্তে গত ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৩ এর মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের মেয়াদোত্তীর্ণ ২২টি দোকান পুনঃ বরাদ্দের অনুমোদন এতদ্বারা বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৪.২। বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে মেয়াদোত্তীর্ণ সকল দোকান মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ৫(পাঁচ) বছরের জন্য নির্ধারিত সালামী পরিশোধ সাপেক্ষে পুনঃ বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। তবে শর্ত থাকে যে, পুনঃবরাদ্দের মেয়াদকালে মার্কেট/অবকাঠামো নির্মাণের কারণে বিদ্যমান দোকান ভাঙ্গার প্রয়োজন হলে নির্মিতব্য কিচেন মার্কেটে কর্তৃপক্ষের সুবিধাজনক স্থানে দোকান স্থানান্তর করা হবে এবং পুনঃবরাদ্দের অবশিষ্ট মেয়াদ পর্যন্ত তা বহাল থাকবে।

৩৪.৩। মেয়াদ উত্তীর্ণ দোকানের তালিকা প্রস্তুত করে সকল দোকান মালিক-কে পুনঃবরাদ্দের জন্য পত্র প্রদান করতে হবে এবং আগামী সভায় এ সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে।

আলোচ্যবিষয়-৩৫ঃ বানৌজা শেখ মুজিব ঘাঁটি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অধীনে অন্তর্ভুক্তি প্রসংগে নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা এর কার্যালয়, বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাসের ২৭ ফেব্রুয়ারি, ২০১৮তারিখের ২৩.০২.২৬০৮. ২০০.৩৩.১৯৯.১৮.১১০৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যে, নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা এর কার্যালয়, বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাসের ২৭ ফেব্রুয়ারি, ২০১৮তারিখের ২৩.০২.২৬০৮. ২০০.৩৩.১৯৯.১৮.১১০৪ নং পত্রের মাধ্যমে ঢাকা নৌ অঞ্চলের আওতাধীন বানৌজা শেখ মুজিব আগামী জুলাই, ২০১৮ সালের যে কোন সুবিধাজনক সময়ে কমিশনিং করা হবে মর্মে জানানো হয়েছে। এ প্রেক্ষিতে বানৌজা শেখ মুজিব এলাকায় কঞ্জারভেন্সী সার্ভিস প্রদানের অনুরোধ জানানো হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বানৌজা শেখ মুজিব এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক কঞ্জারভেন্সী সার্ভিস প্রদানের নীতিগত অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। বিস্তারিত বাজেট প্রস্তুত করে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য পত্র প্রদান করতে হবে।

আলোচ্যবিষয়-৩৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে রিকশা স্ট্যান্ড সংলগ্ন স্থানে পাবলিক টয়লেট নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে রিকশা স্ট্যান্ড সংলগ্ন খালি জায়গায় সাধারণ জনগণ ও রিকশা চালকগণ প্রায়শঃই মলমূত্র ত্যাগ করে উক্ত এলাকার পরিবেশ মারাত্মকভাবে দূষিত করছেন। উক্ত এলাকায় কোন পাবলিক টয়লেট না থাকায় দিন দিন অবস্থা আরো খারাপ হচ্ছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে রিকশা স্ট্যান্ড সংলগ্ন স্থানে ২টি পাবলিক টয়লেট নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। নির্মিতব্য পাবলিক টয়লেটটি ইজারার মাধ্যমে পরিচালনা করতে হবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'

Shah 11/4/2018

( শাহীনুর শাহীন খান )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ক্যান্টনমেন্ট
ফোন ঃ ৯৮৩৫৫৬৫, ই-মেইল : ceocbd@gmail.com

11 Apr 18

**(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

**পরিশিষ্ট-'ক'**

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম সাইফুর রহমান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএম, পিএসসি, বিএন<br>অধিনায়ক, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাহামুদুর হাসান, এএফডব্লিউসি, পিএসসি<br>অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মইনুল ইসলাম<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | কাজী হাফিজুল আমিন<br>সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়<br>জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |